দেওয়া নেওয়া ফিরিয়ে-দেওয়া   তোমায় আমায় —
জনম জনম এই চলেছে,   মরণ কভু তারে থামায় ?।
যখন    তোমার গানে আমি জাগি   আকাশে চাই তোমার লাগি,
আবার  একতারাতে আমার গানে   মাটির পানে তোমায় নামায় ॥
ওগো,   তোমার সোনার আলোর ধারা,   তার ধারি ধার —
আমার  কালো মাটির ফুল ফুটিয়ে    শোধ করি তার ।
আমার  শরৎরাতের শেফালিবন   সৌরভেতে মাতে যখন
তখন   পালটা সে তান লাগে তব    শ্রাবণ-রাতের প্রেম-বরিষায় ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Kafi
Visit www.geetabitan.com for notation and other detail